



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাতার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৮৮১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৮৮১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের গবেষণা প্রকল্পের সেমিনার অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৫ জুন ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের গবেষণা প্রকল্পের ফলাফল উপস্থাপনা বিষয়ক সেমিনার আজ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত এ সেমিনার উদ্বোধন করেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক। এ সময় তিনি বলেন, শিক্ষাদান এবং গবেষণা করা শিক্ষকতা পেশার মূল উদ্দেশ্য। একজন শিক্ষকের মানসম্পন্ন গবেষণা বিশ্ববিদ্যালয়ের সুনাম ও খ্যাতি বৃদ্ধি করতে পারে। গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ. এ. মামুন। উদ্বোধনী অনুষ্ঠানের পর অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষকগণ ভিন্ন ভিন্ন সেশনে তাদের গবেষণা কর্মের ফলাফল উপস্থাপন করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

